গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
সিরাজগঞ্জ সদর ,সিরাজগঞ্জ ।

# নোটিশ

এতদ্বারা উপজেলা কৃষি ও সেচ কমিটির সকল সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ৩০/০৮/২০২৩ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১১:০০ ঘটিকায় অত্র কমিটির সম্মানিত সভাপতি মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর মহোদয়ের অফিস কক্ষে এক জরুরী সভা আহবান করা হয়েছে ।

উক্ত সভার সকল সদস্যগণকে যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো ।

আলোচ্য বিষয়ঃ
১ । খরিপ-২/২০২৩ মৌসুমের বিভিন্ন কার্যক্রম, সার ও বীজের সরবরাহ পরিস্থিতি ও মাঠে দন্ডায়মান বিভিন্ন ফসলের সার্বিক দিক নিয়ে আলোচনা ।
২ । বিবিধ ।

উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ কমিটি
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।

স্মারক নং ঃ ১২.১৮.৮৮৭৮.০৪১.৩৮.০০৭.২৩.১১৫১ তারিখ ঃ ২৭/০৮/২০২৩ খ্রিঃ
অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলো ।
১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।
২. উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।
৩. উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, সভাপতি, কৃষি ও সেচ কমিটি ।
৪. জনাব.................................চেয়ারম্যান কাওয়াকোলা/ কালিয়া হরিপুর ইউপি, সিরাজগঞ্জ সদর ।
৫. অফিস কপি

# উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি, সিরাজগঞ্জ সদর এর সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব অধ্যাপিকা হাসনা হেনা
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ

স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিসকক্ষ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ

তারিখ : ৩০/০৮/২৩ খ্রিঃ

সময় : বেলা ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যগনের নামের তালিকা পরিশিষ্ঠ "ক" সংযোজিত

অদ্যকার সভার সভাপতি, উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি ও ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবকে আহবান জানান। সদস্য সচিব সকলকে স্বাগত জানিয়ে আলোচনা শুরু করেন।

**আলোচ্যসূচি-০১ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন**
সদস্য সচিব, উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি ও উপজেলা কৃষি অফিসার, সিরাজগঞ্জ সদর সভায় উপজেলা পরিষদের কৃষি ও সেচ কমিটির বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং আলোচনা সাপেক্ষে দৃঢ়করণের প্রস্তাব করেন।

সিদ্ধান্ত : বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচি-০২: খরিপ-২/২০২৩ মৌসুমের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ**
সদস্য সচিব সভায় জানান যে, আসন্ন খরিপ-২/ ২০২৩ মৌসুমে অত্র সিরাজগঞ্জ সদর উপজেলায় ১২০০০ হে: জমিতে রোপা আমন ৬৭৫ হেঃ মাসকলাই আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে ১০৯০০ হেক্টর জমিতে রোপা আমন ধান রেপান সম্পন্ন হয়েছে। এছাড়াও খরিপ সবজী ৩২০ হেঃ, মরিচ ৩০ হেঃ আবাদ হয়েছে। তিনি আরও জানান যে, চাষীদেরকে উদ্বুদ্ধকরণের মাধ্যমে ধান সহ সকল ফসলে বিভিন্ন ধরনের আধুনিক প্রযুক্তি ব্যবহারের পরিকল্পনা রয়েছে । সভাপতি মহোদয় ও অন্য সদস্যগন বিভিন্ন ফসল আবাদে আরও অধিক হারে প্রযুক্তি ব্যবহারে কৃষকদেরকে উদ্বুদ্ধকরণের জন্য পরামর্শ দেন।

**সিদ্ধান্ত** : কৃষি বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ বিভিন্ন ফসল আবাদে অধিক হারে প্রযুক্তি ব্যবহারের জন্য উদ্বুদ্ধকরণ কার্যক্রম জোরদার করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচি ০৩: সার ও বীজের সরবরাহ পরিস্থিতি নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন**
সদস্য সচিব সভায় জানান যে, সার, বীজ ও বালাইনাশকের সরবরাহ ও মজুদ (ইউরিয়া ৩৫ মে.টন, টিএসপি-৫৫ মে.টন, ডিএপি-৮০ মে.টন এবং এমওপি-২০ মে.টন) যা সন্তোষজনক পর্যায়ে রয়েছে। সভাপতি মহোদয় ও অন্যান্য সদস্যগণ জানান যে, ব্যবসায়ীগন যাতে ভেজাল সার ও মেয়াদ উত্তীর্ণ বালাইনাশক বিক্রয় করতে না পারে সে বিষয়ে তদারকী ও মনিটরিং ব্যবস্থা আরও জোরদার করা প্রয়োজন। তাছাড়া কোন অসাধু ব্যবসায়ী যাতে বেশী দামে সার, বীজ ও কীটনাশক বিক্রয় করতে না পারে সে বিষয়েও মনিটরিং জোরদার করা প্রয়োজন।

**সিদ্ধান্ত** : উপজেলা কৃষি অফিসার নিজে এবং তার অধীনস্থ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তার মাধ্যমে বীজ, সার ও বালাইনাশকের দোকান মনিটরিং জোরদার করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচি ০৪: মাঠে বিদ্যমান ফসল সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন**

সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, মাঠে বিদ্যমান ফসলের বর্তমান অবস্থা ভাল রয়েছে। উপসহকারী কৃষি কর্মকর্তাগন সংশ্লিষ্ট ব্লকে মাঠ ফসলের নিবিড় তদারকি করছেন এবং কৃষকদের সার্বিক পরামর্শ প্রদান করছেন। রোগবালাই ও পোকামাকড়ের মারাত্মক আক্রমনের সম্ভাবনা নেই।

**সিদ্ধান্ত :** কৃষি বিভাগ ফসলী মাঠ নিবিড় পরিদর্শনের কার্যক্রম জোরদার রাখবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(জনাব অধ্যাপিকা হাসনা হেনা)
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি
ও
মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

স্মারক নং ঃ ১২.১৮.৮৮৭৮.০৪১.৩৮.০০৭.২৩.১১৯৬ তারিখ ঃ ৩০/০৮/২০২৩ খ্রিঃ

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলো।

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
২. উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
৩. উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, সভাপতি, কৃষি ও সেচ কমিটি।
৪. জনাব.................................চেয়ারম্যান কাওয়াকোলা/ কালিয়া হরিপুর ইউপি, সিরাজগঞ্জ সদর।
৫. অফিস কপি

(মোঃ আনোয়ার সাদাত)
উপজেলা কৃষি অফিসার
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যগণের তালিকাঃ
তারিখঃ ৩০ / ০৮ /২০২৩ খ্রি. সময়ঃ সকাল-১০.০০ মিনিট.
স্থানঃ উপজেলা ভাইস চেয়ারম্যান, সিরাজগঞ্জ সদর এর অফিস কক্ষ ।

| ক্র. নং | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ । | সভাপতি | |
| ০২ | চেয়ারম্যান, মেছড়া ইউনিয়ন পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ । | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান, কাওয়াকোলা ইউনিয়ন পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ । | সদস্য | |
| ০৪ | চেয়ারম্যান, কালিয়াহরিপুর ইউনিয়ন পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ । | সদস্য | |
| ০৫ | উপজেলা কৃষি অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ । | সদস্য-সচিব | |